# অনলাইন শিক্ষা নিয়ে দ্বিধা, তবু এগোতে হবে বৈশ্বিক বাস্তবতায়: শিক্ষামন্ত্রী



শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। ছবি: সংগৃহীত

শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন জানিয়েছেন, ব্যক্তিগতভাবে তিনি অনলাইন ক্লাসের পক্ষে না হলেও বর্তমান বিশ্ব পরিস্থিতির সঙ্গে তাল মিলিয়ে এ ব্যবস্থার দিকে এগোতেই হবে।

বুধবার (১৫ এপ্রিল) সিলেট বিভাগে এসএসসি ও সমমানের পরীক্ষা উপলক্ষে কেন্দ্র সচিবদের সঙ্গে মতবিনিময় শেষে তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, মধ্যপ্রাচ্যের চলমান সংঘাতের কারণে জ্বালানি সংকট তৈরি হওয়ায় শিক্ষা কার্যক্রমে অনলাইন ও অফলাইনের সমন্বয় করতে হচ্ছে, যা নিয়ে নানা সমালোচনাও রয়েছে। প্রধানমন্ত্রীর নির্দেশে শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের সঙ্গে বিস্তৃত আলোচনা করা হয়েছে; সেখানে অধিকাংশই অনলাইন ক্লাসের বিরোধিতা করেছেন। তবে বাস্তবতা মেনে এগোনোর বিকল্প নেই বলেও উল্লেখ করেন তিনি।

এ সময় কোচিং সেন্টারগুলোকে আইনি কাঠামোর মধ্যে আনার উদ্যোগের কথা জানান শিক্ষামন্ত্রী। পাশাপাশি ইংলিশ মিডিয়াম স্কুলগুলোকে আরও কার্যকর সরকারি নিয়ন্ত্রণে আনার পরিকল্পনার কথাও তুলে ধরেন।

LENS ASIA